

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা-০৩ শাখা
www.hsd.gov.bd

স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.১২২.২৭.০৭৮.২৬- ২২২

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩৩
০২/০৯/ ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু ডা. বীথিকা নাথ পলি (১২৪৩০৩), মেডিকেল অফিসার, সিলেট সংক্রামক ব্যাধি হাসপাতাল, সিলেট এর বিরুদ্ধে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার অভিযোগ পাওয়া যায়;

যেহেতু স্বাস্থ্য সেবা বিভাগের ডা. মো: শিকির আহমেদ ওসমানী, যুগ্ম-সচিব (জনস্বাস্থ্য অধিশাখা), জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন সুপারভিশন ও হাসপাতাল কার্যক্রম সরেজমিন পরিদর্শনের জন্য গত ২৪-২৫ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. তারিখ সিলেট জেলায় 'এ' প্লাস ক্যাম্পেইন বাদ পড়া শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো কার্যক্রম এবং পুষ্টি বিষয়ক অন্যান্য কার্যক্রম মনিটরিং এর উদ্দেশ্যে উক্ত হাসপাতাল পরিদর্শন করেন।

যেহেতু উক্ত কর্ম দিবসে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন মর্মে অভিযোগ পাওয়া যায়

যেহেতু উক্ত অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণ এর দায়ে ২৪.০৪.২০২৬ খ্রি. তারিখের ৪৭৬ নম্বর স্মারকে বিভাগীয় মামলা (নং-১২৪/২০২৬) বুজু করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু সংশ্লিষ্ট কর্মকর্তার জবাব ও কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায়, গত ২৪-২৫ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. তারিখ সংশ্লিষ্ট কর্মকর্তা সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট সদর, সিলেট রেজিস্টার (গাইনি এন্ড অবস) হিসেবে কর্মরত ছিলেন। তিনি ২০.০৮.২০১৯ তারিখ হতে ২৮.০৭.২০২৪ তারিখ পর্যন্ত সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে কর্মরত ছিলেন। পরবর্তীতে স্বাস্থ্য অধিদপ্তরের ১৮.০৭.২০২৪ খ্রি. তারিখের ৩৭৮ নং স্মারকে উক্ত কর্মকর্তাকে সিলেট সংক্রামক ব্যাধি হাসপাতাল, সিলেট এ পদায়ন/ন্যাস্ত করা হয়। গত ২৪-২৫ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. তারিখ তিনি খাদিমপাড়া ৩১ শয্যাবিশিষ্ট হাসপাতাল, সিলেটে কর্মরত ছিলেন না।

সেহেতু . বীথিকা নাথ পলি (১২৪৩০৩)-কে গত ২৪-২৫ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. তারিখ কর্মকাল হিসেবে গণ্য করে আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো। চলমান এ বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
(মোঃ কামরুজ্জামান চৌধুরী)
সচিব
০২/০৯/২৬

স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.১২২.২৭.০৭৮.২৬-

২২৩/৩ (৩৩)

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩৩
০২/০৯; ২০২৬

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। যুগ্মসচিব (পারসোনেল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। যুগ্মসচিব/উপসচিব (পার-১/২/৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। পরিচালক, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট সদর, সিলেট
- ৬। উপ-পরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
- ৭। সিভিল সার্জন, সিলেট
- ৮। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১১। ডা. বীথিকা নাথ পলি (১২৪৩০৩), মেডিকেল অফিসার, সিলেট সংক্রামক ব্যাধি হাসপাতাল, সিলেট।


সাদিয়া আফরিন
সিনিয়র সহকারী সচিব ০১/০৯/২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা-৩ শাখা
www.hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৩১.২৬ - ২২২

১৭ ভাদ্র ১৪৩৩
তারিখ: _____
০২/০৩/২০২৬

বিষয়ঃ ডা. তুষিত কুমার বড়ুয়া (১২৪১৮২), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বাঁশখালী, চট্টগ্রাম-এর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ।

বিভাগীয় মামলা নং ...২৩.../২০২৬

অভিযোগনামা

যেহেতু আপনি ডা. তুষিত কুমার বড়ুয়া (১২৪১৮২), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বাঁশখালী, চট্টগ্রামে কর্মরত ছিলেন;

০২. যেহেতু আপনার বিরুদ্ধে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির অভিযোগ পাওয়া যায়;


০৩. যেহেতু আপনি ০১.০৭.২০২৪ খ্রি. তারিখ হতে ৩১.০১.২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন

০৪. যেহেতু আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণ (Misconduct) এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

০৫. যেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক অসদাচরণ (Misconduct) ও পলায়ন (Desertion) এর দায়ে অভিযুক্ত করা হ'ল এবং কেন আপনাকে উক্ত বিধিমালায় অধীনে চাকরি হতে বরখাস্তকরণ অথবা অন্য কোনো উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না, সে বিষয়ে এ নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে নিয়ন্ত্রণকারীর নিকট কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

একইসঙ্গে, আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও লিখিতভাবে জানাতে নির্দেশ প্রদান করা হলো।

অভিযোগ বিবরণী এ সঙ্গে সংযুক্ত করা হলো।


(মো: কামরুজ্জামান চৌধুরী)
সচিব

ডা. তুষিত কুমার বড়ুয়া (১২৪১৮২),
সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বাঁশখালী, চট্টগ্রাম
(স্থায়ী ঠিকানা: ডামডামা, হাতিয়াকান্দি, মিরসরাই, চট্টগ্রাম)

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৩১.২৬-২২২/২(২২)

২৭ ভাদ্র ১৪৩৩

তারিখ: ০২/০৯/ ২০২৬

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর (নোটিশটি অভিযুক্তের বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জারি করে জারির প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের অনুরোধসহ)
- ২। যুগ্মসচিব (পারসোনেল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেজে সংরক্ষণ করার অনুরোধসহ)
- ৪। উপ-পরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
- ৫। উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, বাঁশখালী, চট্টগ্রাম
- ৬। সিভিল সার্জন, চট্টগ্রাম
- ৭। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১১। অফিস কপি


মাদিয়া আফরিন ০২/০৯/২৬

সিনিয়র সহকারী সচিব (শৃঙ্খলা-৩)

অভিযোগ বিবরণী

ডা. তুষিত কুমার বড়ুয়া (১২৪১৮২), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বাঁশখালী, চট্টগ্রামে কর্মরত ছিলেন;

০২. তার বিরুদ্ধে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির অভিযোগ পাওয়া যায়;

০৩. তিনি ০১.০৭.২০২৪ খ্রি. তারিখ হতে ৩১.০১.২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন।

ডা. তুষিত কুমার বড়ুয়া এর উপর্যুক্ত কর্মকান্ড সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক অসদাচরণ (Misconduct) ও পলায়ন (Desertion) হিসেবে গণ্য। এ কারণে তিনি অসদাচরণ (Misconduct) ও পলায়ন (Desertion) এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

(মো: কামরুজ্জামান চৌধুরী)

সচিব

০২/০৭/২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা-৩ শাখা
www.hsd.gov.bd

১৮ ভাদ্র ১৪৩৩

স্মারক নম্বর: শৃ-১/১-১২৭/২০০৮-২২৯

তারিখ: _____

০২ সেপ্টেম্বর ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু ডা. আবু জাফর মো: জাহিদ হোসেন ১৯৯০-১৯৯১ খ্রি. হতে শুরু করে ১৯৯৯-২০০০ খ্রি. পর্যন্ত সরকারি চাকরিরত অবস্থায় সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে ব্যবসা করার অভিযোগে তাঁকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয় এবং তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) বিধি অনুসারে বিভাগীয় মামলা রুজু হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তাকে 'চাকরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

যেহেতু ডা. আবু জাফর মো: জাহিদ হোসেন ১১.০৩.২০০৭ খ্রি. তারিখে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে স্বাস্থ্য অধিদপ্তরে যোগদানের পর বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় স্বাস্থ্য অধিদপ্তরের অনুরোধে তাঁর বিরুদ্ধে ১৯৭৯ সালের সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশের অধীনে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু ডা. আবু জাফর মো: জাহিদ হোসেন-কে চাকরি হতে বরখাস্তের আদেশ মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক একই তারিখে (২৯.০৭.২০০৮ খ্রি.) অনুমোদিত হয়;

যেহেতু সংশ্লিষ্ট কর্মকর্তা চাকরি হতে বরখাস্তের বিষয়ে ২৫.০৮.২০২৬ খ্রি. তারিখের ১৮৯ নং স্মারকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহামান্য রাষ্ট্রপতি বরাবর আপিল আবেদন করলে মহামান্য রাষ্ট্রপতি সদয় হয়ে আপিল আবেদন মঞ্জুর করে দণ্ডাদেশ বাতিলের আদেশ প্রদান করেন;

সেহেতু ডা. আবু জাফর মো: জাহিদ হোসেন-কে আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক চাকরি হতে বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো এবং ২৫.০৫.২০০৮ খ্রি. তারিখ হতে পিআরএল গমনের তারিখ ১৪.১২.২০১৯ খ্রি. পর্যন্ত সময়কে কর্মকাল হিসেবে গণ্য করা হলো। তিনি বিধি মোতাবেক সকল বকেয়া আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
০২/০৯/২০২৬
মোঃ কামরুজ্জামান চৌধুরী
সচিব

স্মারক নম্বর: শূ-১/১-১২৭/২০০৮-২২৯/১(১০)

১৮ ভাদ্র ১৪৩৩
তারিখ: _____
০২ সেপ্টেম্বর ২০২৬

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। যুগ্মসচিব (পারসোনেল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। যুগ্মসচিব/উপসচিব (পার-১/২/৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। উপ-পরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
- ৬। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৭। চিফ অ্যাকাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯। ডা. আবু জাফর মো: জাহিদ হোসেন, প্রাক্তন বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।


সাদিয়া আফরিন ০২/০৮/২৬
সিনিয়র সহকারী সচিব